গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
নৈতিকতা কমিটি

ই-মেইল: geologicalsurveybd@gmail.com; ওয়েব: www.gsb.gov.bd

| | |
|---|---|
| সভাপতি | ড. মহঃ শের আলী<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১৭ জুন ২০২১, বৃহস্পতিবার |
| সভার সময় | বেলা ০৩.০০ ঘটিকায় |
| স্থান | অনলাইন জুম অ্যাপসের মাধ্যমে |
| উপস্থিতি | রেকর্ডেড |

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের সঙ্গে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

১.০। সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই জনাব আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) এ সভার পটভূমি উল্লেখ করে বলেন, সরকারের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের আওতায় আজকের এ অংশীজনের অংশগ্রহণে সভা। বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) তার সিটিজেন চার্টার মোতাবেক দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের ভূবিজ্ঞান বিষয়ক গবেষণা কাজে সরাসরি যেমন: সংগৃহীত প্রাথমিক তথ্য উপাত্ত, বিভিন্ন নমুনা এবং গবেষণাগারে কাজের মাধ্যমে সহায়তা করে থাকে। এ ধরনের সহায়তা অধিক ফলপ্রসূ করার লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন।

২.০। মহাপরিচালক সভায় উপস্থিত বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের শিক্ষকগণকে উন্মুক্ত আলোচনার জন্য অনুরোধ করেন। শুরুতেই বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক আবু জাফর মিয়া জানান, নতুন বিশ্ববিদ্যালয় হওয়ায় অত্র বিভাগে গবেষণা সরঞ্জামের অপ্রতুলতা রয়েছে। কাজেই ছাত্র/ছাত্রীদের গবেষণার ক্ষেত্রে সমস্যা তৈরী হচ্ছে। জিএসবি'র গবেষণাগার সমৃদ্ধ হওয়ায় তিনি উক্ত বিষয়ে সহযোগিতা কামনা করেন। সহকারী অধ্যাপক মুহাম্মদ রিসালাত রফিক অত্র বিভাগের ছাত্র/ছাত্রীদের জিএসবি'র সহিত ইন্টার্নশিপের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন। সহকারী অধ্যাপক ড. ধীমান কুমার রায় জিএসবি'র সহিত পারস্পরিক সহযোগিতার মাধ্যমে গবেষণা এবং ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের ছাত্র/ছাত্রীদের জিএসবি পরিচালিত বহিরংগনে অংশগ্রহণের মাধ্যমে হাতে কলমে শিক্ষালাভের আশা প্রকাশ করেন। সহকারী অধ্যাপক ও অত্র বিভাগের সভাপতি সুখেন গোস্বামী জানান, অত্র বিভাগে শিক্ষকের স্বল্পতা রয়েছে। তিনি বলেন, বর্তমান পৃথিবী মানসম্মত গবেষণা চায়। তিনি আরো উল্লেখ করেন, ইতঃপূর্বে অত্র বিভাগের ছাত্র/ছাত্রীগণ জিএসবি পরিচালিত বহিরংগনে অংশগ্রহণের মাধ্যমে হাতে কলমে শিক্ষাগ্রহন করেছে। আগামীতে এ জাতীয় সহযোগিতা চলমান রাখার বিষয়ে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরো উল্লেখ করেন, জিএসবি ও অত্র বিভাগ বাংলাদেশের উপকূলীয় এলাকার লবণাক্ততা, উপকূলীয় ভাঙ্গন ইত্যাদি বিষয়ে যৌথ গবেষণা কার্যক্রম পরিচালনা করতে পারে এবং তাতে উভয় পক্ষই লাভবান হবে বলে আশা করা যায়। এছাড়া তিনি বলেন, জিএসবি আয়োজিত সেমিনারে বিশ্ববিদ্যালয় হতে প্রবন্ধ আহবান করা যেতে পারে। অত্র বিভাগ ও জিএসবি'র মধ্যে MoU হতে পারে।

৩.০। জনাব মঈন উদ্দিন আহমেদ, পরিচালক (ভূতত্ত্ব) জানান, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের

ছাত্র/ছাত্রীগণ জিএসবি পরিচালিত ড্রিলিং ফিল্ডে অংশগ্রহণ করতে পারে। ইতিপূর্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের ছাত্র/ছাত্রীগণ অংশগ্রহণ করেছে। এতে করে ছাত্র/ছাত্রীদের হাতে কলমে শিক্ষালাভ সম্ভব হবে।

৪.০। জনাব নুরুদ্দিন সরকার, পরিচালক (ভূতত্ত্ব) একই মত ব্যক্ত করেন। তিনি উল্লেখ করেন, তারা উপকূলীয় এলাকায় পরিচালিত বিভিন্ন বহিরংগনে অংশগ্রহণ করতে পারে। তিনি আরও উল্লেখ করেন, জিএসবি'র উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখার মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমুদ্র বিজ্ঞান বিভাগের ছাত্র/ছাত্রীগণকে ইন্টার্নশিপ করানো হয়েছে। জনাব নিজাম উদ্দিন আহমেদ, পরিচালক (ভূপদার্থ) বলেন যে, ২০৪১ এ সরকার উন্নত দেশে পদার্পন করতে চায়। কাজেই সরকারের এ সংক্রান্ত Mission ও Vision বাস্তবায়নের জন্য যুগোপযোগী গবেষণায় মনোযোগী হতে হবে। তিনি বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের ছাত্র/ছাত্রীগণ জিএসবি পরিচালিত বিভিন্ন বহিরংগনে অংশগ্রহণ করতে পারে। তবে এ ক্ষেত্রে কিছু সীমাবদ্ধতা রয়েছে, যেমন- আবাসন, যাতায়াত ইত্যাদি। তবে তিনি উল্লেখ করেন, আলোচনার মাধ্যমে অগ্রসর হলে অনেক কিছু ফলপ্রসূ হওয়া সম্ভব। জনাব আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, জিএসবি দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও গবেষকগণকে তথ্য ও উপাত্ত সরবরাহের মাধ্যমে সহায়তা করে আসছে। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করলে মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের ছাত্র/ছাত্রী ও গবেষকগণকে তথ্য ও উপাত্ত সরবরাহ করা সম্ভব হবে। সভাপতি মহোদয় বলেন, সীমাবদ্ধতা আছে, তবে সদিচ্ছার ঘাটতি নেই। তিনি বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের ছাত্র/ছাত্রীগণের ইন্টার্নশিপ ও বহিরংগনে অংশগ্রহণের ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন। সহকারী অধ্যাপক ও বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের সভাপতি সুখেন গোস্বামী তথ্য সরবরাহ সহজীকরণের বিষয়ে উল্লেখ করেন। এছাড়া তিনি বলেন, উপকূলীয় এলাকায় বহিরংগন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আগে অবহিত করলে নিজস্ব ব্যয়ে অংশগ্রহণ করা সম্ভব হবে। জনাব মঈন উদ্দিন আহমেদ, পরিচালক (ভূতত্ত্ব) জানান, উক্ত ক্ষেত্রে জিএসবি'র গাড়ীর মাধ্যমে আনা নেওয়ার ব্যবস্থা করা যেতে পারে। জনাব নুরুদ্দিন সরকার, পরিচালক (ভূতত্ত্ব) জিএসবি'র গাড়ীর সীমাবদ্ধতার বিষয়টি উল্লেখ করেন। সভাপতি মহোদয় বলেন, বিশ্ববিদ্যালয়গুলোর সংশ্লিষ্ট বিভাগকে সংশ্লিষ্ট এলাকায় বহিরংগনের পূর্বে অবহিতকরনের বিষয়টি বরিংগনের পরিকল্পনায় রাখতে হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক আবু জাফর মিয়া জিএসবি'র কর্মকর্তাগণের অত্র বিভাগের স্নাতকোত্তর এর শিক্ষার্থীদের গবেষণার কো-সুপারভাইজার হওয়ার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন। জনাব আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ইতঃপূর্বে জিএসবি'র কর্মকর্তাগণ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে গবেষকগণের কো-সুপারভাইজার এর দায়িত্ব পালন করেছে। বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে মহাপরিচালক মহোদয় বিষয়টি বিবেচনা করবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

৫.০। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৫.১) বিশ্ববিদ্যালয়গুলোর সংশ্লিষ্ট বিভাগকে উক্ত এলাকায় বহিরংগনের পূর্বে অবহিতকরনের বিষয়টি বহিরংগনের পরিকল্পনায় রাখতে হবে।

৫.২ ছাত্র/ছাত্রীদের চাহিদা মোতাবেক নমুনা সরবরাহের ক্ষেত্রে জিএসবি দ্রুততম সময়ে প্রশাসনিক কর্মকান্ড সম্পন্ন এবং চাহিদা অনুযায়ী যথাসম্ভব সর্বাধিক নমুনা সরবরাহের জন্য সচেষ্ট হবে।

৫.৩ বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের যোগাযোগের জন্য জিএসবি'র শুদ্ধাচারের ফোকাল পয়েন্ট কর্মকর্তা দায়িত্বপ্রাপ্ত হবেন। তার সাথে যোগাযোগের তথ্যাদি জিএসবি'র ওয়েব সাইটে দেওয়া থাকবে।

৬. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষাণা করেন।

ড. মহঃ শের আলী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৮৯.১৯.৬

তারিখ: ৮ আষাঢ় ১৪২৮
২২ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২) পরিচালক (ভূতত্ত্ব) , উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৩) পরিচালক (ভূপদার্থ) , ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৪) পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) পরিচালক (ড্রিলিং) , ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২ , অপারেশন ও সমন্বয় শাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর


৭) সুখেন গোস্বামী , সহকারী অধ্যাপক , বরিশাল বিশ্ববিদ্যালয়

৮) ড. ধীমান কুমার রায়, সহকারী অধ্যাপক , বরিশাল বিশ্ববিদ্যালয়

৯) আবু জাফর মিয়া, সহকারী অধ্যাপক , বরিশাল বিশ্ববিদ্যালয়

১০) মুহাম্মদ রিসালাত রফিক, সহকারী অধ্যাপক , বরিশাল বিশ্ববিদ্যালয়

১১) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



ড. মো: বজলার রশীদ
উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১